

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৮৬

### ২৭/ আদব

পরিচ্ছেদঃ গীবতে (পরচর্চায়) অংশগ্রহণ করা হারাম। যার নিকট গীবত করা হয় তার উচিত গীবতকারীর তীব্র প্রতিবাদ করা এবং তার সমর্থন না করা। আর তাতে সক্ষম না হলে স□ম্ভব হলে উক্ত সভা ত্যাগ করে চলে যাওয়া যে কথা আসলে গীবত নয়

#### আরবী

عَنْ عَائِشَةَ أَنَّ رَجُلاً اسْتَأْذَنَ عَلَى النَّبِيِّ عَلَى النَّبِيِّ فَقَالَ انْذَنُوا لَهُ فَلَبِنُسَ ابْنُ الْعَشِيرَةِ أَقْ بِنْسَ رَجُلُ الْعَشِيرَةِ فَلَمَّا دَخَلَ عَلَيْهِ أَلَانَ لَهُ الْقَوْلَ قَالَتْ عَائِشَةَ فَقُلْتُ يَا رَسُوْلَ اللهِ قُلْتَ لَهُ الْقَوْلَ قَالَتْ عَائِشَةَ فَقُلْتُ يَا رَسُوْلَ اللهِ قُلْتَ لَهُ الْقَوْلَ قَالَ يَا عَائِشَةَ إِنَّ شَرَّ النَّاسِ مَنْزِلَةً عِنْدَ اللهِ يَوْمَ الْقِيَامَةِ مَنْ وَدَعَهُ أَوْ تَرَكَهُ النَّاسُ اتِّقَاءَ فُحْشِهِ

#### বাংলা

(২৯৮৬) আয়েশা (রাঃ) বলেন, এক অভদ্র ব্যক্তি আল্লাহর নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাক্ষাৎ করতে চাইল। নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে খবর গেলে তিনি বললেন, 'বাজে লোক!' তারপর তাকে প্রবেশ করার অনুমতি দিলেন। সে যখন বসল, তখন নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তার সামনে খুশী প্রকাশ করলেন এবং নম্রভাবে কথা বলতে লাগলেন। অতঃপর লোকটি চলে গেলে আয়েশা (রাঃ) তাঁকে বললেন, 'হে আল্লাহর রসূল! আপনি তার সম্পর্কে এই এই (কুমন্তব্য) করলেন। তারপর সে যখন ভিতরে এল, তখন তার সামনে খুশী প্রকাশ করলেন এবং নম্রভাবে কথা বলতে লাগলেন!' আল্লাহর রসূল সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে আয়েশা! কিয়ামতের দিন আল্লাহর নিকট সর্বাপেক্ষা নিক্ষ্টমানের ব্যক্তি সেই হবে, যাকে মানুষ তার অল্লীলতা থেকে বাঁচার জন্য বর্জন করে থাকে।

## ফুটনোট

(বুখারী ৬০৫৪, ৬১৩১, মুসলিম ৬৭৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন